

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ময়মনসিংহ
পৌর সুপার মার্কেট, (৩য় তলা)
ময়মনসিংহ।
bbs.mymensinghdiv.gov.bd

নং-৫২.০১.৪৫০০.০০০.৪৬.০০১.১৬-৪৩৫

তারিখঃ

০৮ পৌষ ১৪২৮
২৩ ডিসেম্বর ২০২১

বিষয়ঃ জেলা পরিসংখ্যান কার্যালয়, নেত্রকোনা এর নৈশ প্রহরী (আউটসোর্সিং) জনাব মোঃ বেলাল হোসেন এর চিকিৎসার ব্যয়ভার মিটানোর জন্য সংগৃহীত ৫৭,১৭০/- (সাতান্ন হাজার এক শত সত্তর) টাকা আর্থিক সাহায্য হস্তান্তর সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ময়মনসিংহ বিভাগাধীন জেলা পরিসংখ্যান কার্যালয়, নেত্রকোনা এর নৈশ প্রহরী (আউটসোর্সিং) জনাব মোঃ বেলাল হোসেন গত ০৬-০৮-২০২১ খ্রি. তারিখে দুর্ঘটনায় পতিত হলে তাঁর বাম পা ভেঙ্গে যায় এবং চিকিৎসা ও অস্ত্রোপচার (অপারেশন) বাবদ প্রায় ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা খরচ হয়। বর্ণিতাবস্থায়, তিনি অত্র বিভাগের সকলের কাছে সাহায্যের আবেদন করেন।

০২। তাঁর আবেদনের প্রেক্ষিতে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ময়মনসিংহ এর ০২ ডিসেম্বর ২০২১ ৫২.০১.৪৫০০.০০০.৪৬.০০১.১৬-৪৩৫ সংখ্যক স্মারকে বিষয়টি বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করা হয়। উক্ত প্রেক্ষিতে বিভাগসহ জেলাওয়ারী নিম্নরূপ আর্থিক সাহায্য পাওয়া যায়ঃ

ক্রমিক নং	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়/ জেলা পরিসংখ্যান কার্যালয়	প্রাপ্ত আর্থিক সাহায্যের পরিমাণ	মন্তব্য
(০১)	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ময়মনসিংহ	২,৫০০/-	
(০২)	জেলা পরিসংখ্যান কার্যালয়, ময়মনসিংহ	১৪,৩৫০/-	
(০৩)	জেলা পরিসংখ্যান কার্যালয়, নেত্রকোনা	২০,১৭০/-	
(০৪)	জেলা পরিসংখ্যান কার্যালয়, জামালপুর	১০,০০০/-	
(০৫)	জেলা পরিসংখ্যান কার্যালয়, শেরপুর	১০,১৫০/-	

সর্বমোট=৫৭,১৭০/-

০৩। আর্থিক সাহায্য বাবদ সংগৃহীত ৫৭,১৭০/- (সাতান্ন হাজার এক শত সত্তর) টাকা অদ্য ২৩-১২-২০২১ খ্রি. তারিখে জনাব মোঃ বেলাল হোসেন, নৈশ প্রহরী (আউটসোর্সিং), জেলা পরিসংখ্যান কার্যালয়, নেত্রকোনা এর নিকট হস্তান্তর করা হয়।


২৩/১২/২০২১
(মোঃ আব্দুল হালিম)
যুগ্মপরিচালক
ফোনঃ ০৯১-৬৪১৩৪
ই-মেইলঃ divstatoff@gmail.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- (০১) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোনা/শেরপুর।
- (০২) জনাব মোঃ বেলাল হোসেন, নৈশ প্রহরী (আউটসোর্সিং), জেলা পরিসংখ্যান কার্যালয়, নেত্রকোনা।
- (০৩) অফিস কপি।